

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে কর্মসূচি চূড়ান্ত করার নিমিত্ত এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক ভারুয়াল সভার কার্যবিবরণীঃ

তারিখ: ২৯/০৭/২০২০খ্রি:  
সময়: ১১.০০ ঘটিকায়  
স্থান: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের কক্ষ  
(কক্ষ নং-৫০৯, ভবন ৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।  
সভাপতি: রওনক মাহমুদ, সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।  
সভায় উপস্থিতি ভারুয়াল পদ্ধতিতে সংযুক্ত।

২। সভার প্রারম্ভে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সকলকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় কর্মসূচির আলোকে দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের নিমিত্ত মতামত প্রদানের জন্য সভাপতি আহ্বান করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগম্বীর পরিবেশে দেশব্যাপি জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে প্রণীত কর্মসূচির সারমর্ম সভায় উপস্থাপন করেন। তার পরিপ্রেক্ষিতে ভারুয়েল পদ্ধতিতে সংযুক্ত কর্মকর্তাগণ বিস্তারিত মতামত ব্যক্ত করেন। আলোচনান্তে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্বীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে এ মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সমন্বয়ে নিম্নে বর্ণিত কর্মসূচি গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩.১	১৫ আগস্ট ২০২০ তারিখ, শনিবার, এ মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। আদর্শমানের পতাকা উত্তোলনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করতে হবে। পতাকা উত্তোলন ও নামানোর সময় এতদসংক্রান্ত নির্দেশনাসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে এবং এ সময় সেখানে একজন দায়িত্বশীল কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।	অধিদপ্তর/দপ্তর/ সংস্থা প্রতিষ্ঠান
৩.২	জেলা-উপজেলায় যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি পালনের জন্য আয়োজিত অনুষ্ঠানসমূহে স্থানীয় প্রশাসনের নির্দেশনা অনুসরণপূর্বক মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিতসহ উপস্থিতির বিষয়টি মনিটরিং করতে হবে। জাতীয় শোক দিবসের দিন সকল কর্মকর্তা/কর্মচারীর কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে।	মন্ত্রণালয়/অধিদপ্তর/ দপ্তরসংস্থা/ প্রতিষ্ঠান